

জনপ্রশাসন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা
www.mopa.gov.bd


নং- ০৫.০০.০০০০.১০২.০৬.০০৩.১৪-৪

তারিখঃ ২৪ মাঘ, ১৪২৭
০৭ ফেব্রুয়ারি, ২০২১

বিষয়: গোপনীয় অনুবেদন সংক্রান্ত সকল পত্রে কর্মরত পদের পাশাপাশি অবশ্যই মূল পদবী বা পদমর্যাদা উল্লেখকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিআর অধিশাখায় বিসিএস প্রশাসন ক্যাডারের সকল পর্যায়ের কর্মকর্তাগণের এসিআর সংরক্ষণ ও ব্যবস্থাপনা করা হয়। সিআর অধিশাখায় প্রাপ্ত পত্রাদি পর্যালোচনায় লক্ষ্য করা যাচ্ছে, মাঠ প্রশাসনে কর্মরত কর্মকর্তাগণ গোপনীয় অনুবেদন সংক্রান্ত পত্রে কেবল কর্মরত পদের নাম উল্লেখ করছেন, মূল পদবী উল্লেখ করছেন না। যেমন- একজন কর্মকর্তা পদবীর স্থলে উপসচিব বা সিনিয়র সহকারী কমিশনার না লিখে অতিরিক্ত জেলা প্রশাসক অর্থাৎ কর্মরত পদের নাম লিখছেন। ফলে প্রাপ্ত পত্রাদি সংরক্ষণ ও ব্যবস্থাপনায় জটিলতা সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, সিআর অধিশাখায় প্রেরিত সকল পত্রে কর্মরত পদের নামের পাশাপাশি মূল পদবী আবশ্যিকভাবে উল্লেখ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ তোফাজ্জেল হোসেন)
যুগ্মসচিব (সিআর)
ফোন-৯৫৪৫৯৭১

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট।
- ২। জেলা প্রশাসক(সকল)।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।